# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৮৬

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৭৬. পুরুষ যা স্বপ্নে দেখে, যদি স্ত্রীলোক তা স্বপ্নে দেখে (পুরুষের মত স্ত্রীলোকের স্বপ্নদোষ হলে) এ সম্পর্কে

بَابٌ: فِي الْمَرْأَةِ تَرَى فِي مَنَامِهَا مَا يَرَى الرَّجُلُ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ حَدَّثَنِي اللَّيْثُ حَدَّثَنِي عُقَيْلٌ عَنْ ابْنِ شِهَابٍ حَدَّثَنِي عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ عَنْ عَائِشَةَ زَوْجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهَا أَخْبَرَتْهُ أَنَّ أُمَّ سُلَيْمٍ أُمَّ بَنِي أَبِي طَلْحَةَ دَخَلَتْ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ يَا رَسُولَ اللَّهِ إِنَّ اللَّهَ لَا يَسْتَحْيِي مِنْ الْحَقِّ أَرَأَيْتَ الْمَرْأَةَ تَرَى فِي النَّوْمِ مَا يَرَى الرَّجُلُ أَتَغْتَسِلُ قَالَ نَعَمْ فَقَالَتْ عَائِشَةُ فَقُلْتُ أُفٍّ لَكِ أَتَرَى الْمَرْأَةُ ذَلِكَ فَالْتَفَتَ إِلَيْهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ تَرِبَتْ يَمِينُكِ فَمِنْ أَيْنَ يَكُونُ الشَّبَهُ

إسناده ضعيف لضعف عبد الله بن صالح كاتب الليث ولكن الحديث صحيح

বাংলা

৭৮৬. উরওয়া ইবনু যুবাইর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সহধর্মিণী আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা হতে বর্ণিত। তিনি তার নিকট বর্ণনা করেছেন যে, আবী তালহার সন্তানের মাতা উম্মু সুলাইম রাদ্বিয়াল্লাহু আনহা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট প্রবেশ করে বললেন, ইয়া রাসূলুল্লাহ! নিশ্চয়ই আল্লাহ হক্ব (সত্য প্রকাশ)-এর ব্যাপারে লজ্জাবোধ করেন না। পুরুষ ঘুমের মধ্যে যা দেখতে পায়, যদি কোনো স্ত্রীলোক তা দেখে তবে সে কি গোসল করবে বলে আপনি মনে করেন? তখন তিনি বললেন: “হাঁ।” আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন: তখন আমি বললাম, তোমার জন্য আফসোস! স্ত্রীলোকও কি সেটা দেখে? তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার দিকে ফিরে বললেন: “তোমার ডান হাত ধুলি মলিণ হোক! তা না হলে (সন্তান তার) সদৃশ হয় কিভাবে?”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ, কেননা, লাইছের লেখক আব্দুল্লাহ ইবনু সালিহ যয়ীফ। কিন্তু হাদীসটি সহীহ।

তাখরীজ: সহীহ মুসলিম ৩১৪; আমরা এর পূর্ণ তাখরীজ করেছি মুসনাদুল মাউসিলী নং ৪৩৯৫, ও সহীহ ইবনু হিব্বান নং ১১৬৬ এ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উরওয়াহ বিন যুবাইর (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76163

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন